গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৬- ২৪৮

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫
২৫ নভেম্বর ২০১৮

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্টোবর/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১৯ নভেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্টোবর/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্নিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ০৬/১২/২০১৮খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন /তথ্য ব্যবস্থাপনা),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (প্রশাসন/ তথ্য ব্যবস্থাপনা/ বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। প্রকল্প পরিচালক, এনএসডিএস প্রকল্প, পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১১। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

# পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অক্টোবর/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৯-১১-২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
সভাপতি : সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট "ক" সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। গত সেপ্টেম্বর/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অত:পর কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২০০টি ১ম শ্রেণির পদে নিয়োগ/পদোন্নতিঃ**<br>৭ জন নন-ক্যাডার কর্মকর্তা নিয়োগের জন্য গত ১৮/০৪/২০১৮ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি)-এ পত্র দেয়া হয়েছে। সর্বশেষ নিয়োগে ৬০ জনের মধ্যে ৫৪ জন কর্মকর্তা যোগদান করেছেন। অবশিষ্ট ৬ জন কর্মকর্তা এবং চাকুরী হতে অব্যাহতি-এর জন্য আবেদনকৃত ৫ জন কর্মকর্তাসহ মোট (৬+৫= ১১) জন নন-ক্যাডার কর্মকর্তা নিয়োগের জন্য শীঘ্রই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি)-এ পত্র প্রেরণ করা হবে। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি) কর্তৃক ০৭টি শূন্যপদ পূরণের নিমিত্ত চাহিত তথ্যাদি জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে। এছাড়া, ১১টি শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি)-এ পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ২ | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ প্রণয়ন:**<br>বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি) এর সুপারিশসহ "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" উপর vetting-এর জন্য গত ২৫/১০/২০১৮ তারিখে ১৫২ নং স্মারকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে কিছু সংশোধনীসহ পুনরায় প্রেরন করার জন্য ফেরৎ পাওয়া গিয়েছে। গত ১৪/১১/২০১৮ তারিখে vetting-এর জন্য পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | এ বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ-এর সাথে উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), SID নিয়মিত যোগাযোগ রাখবেন। | উপসচিব ( প্রশাসন-৩) SID | যুগ্মসচিব (প্রশাসন) SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>বিবিএস এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম চূড়ান্তকরণের লক্ষ্যে বিবিএস এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ০৬/১১/২০১৮ তারিখে একটি সভা হয়েছে। বিবিএস-এর মহাপরিচালক সরকারী সফরে বিদেশে থাকায় সভার সিদ্ধান্ত অনুযায়ী খুব শীঘ্রই পরবর্তী সভা করে প্রস্তাব পেশ করা হবে মর্মে সভায় জানানো হয়। | দ্রুত সভা করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে নতুন অর্গানোগ্রাম-এর প্রস্তাব পেশ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |
| ৪ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি প্রতিষ্ঠার জন্য জমি বরাদ্দ প্রদান সংক্রান্ত:**<br>১২/১১/২০১৮ তারিখে এ সংক্রান্ত কমিটি কর্তৃক প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রতিবেদনে নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন মৌজায় ১টি, গাজীপুর জেলায় উলুখোলা এলাকায় ২টি, নরসিংদীর পাঁচদোনা, শিবপুর পৌর এলাকা এবং ইটাখোলা এলাকায় ৩টিসহ মোট ৬টি জমি সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন জমা দিয়েছে। কোন জমিতে একাডেমি করা যেতে পারে সে বিষয়ে প্রতিবেদনে সুস্পষ্ট কোন মতামত নেই। | ইতোপূর্বে গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ<br>১। জনাব মোঃ নুরুল আলম, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), SID- আহ্বায়ক।<br>২। জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক (এফএ এন্ড এমআইএস), BBS- সদস্য।<br>৩। জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, SID- সদস্য<br>৪। জনাব মহিউদ্দিন আহ্মেদ, উপপরিচালক (সেন্সাস উইং), BBS- সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>৫। জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক (ডেমোগ্রাফী এন্ড হেল্থ উইং), BBS- সদস্য।<br>পুনর্গঠিত কমিটি আগামী এক মাসের মধ্যে সুনির্দিষ্ট স্থানের প্রস্তাবসহ প্রতিবেদন পেশ করবেন। | ১। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), SID<br>২। জনাব মহিউদ্দিন আহ্মেদ, উপ-পরিচালক, বিবিএস | মহাপরিচালক বিবিএস |
| ৫ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>প্রশিক্ষণ কার্যক্রম যথারীত চলমান আছে। | প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক, (SSTI), BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID / মহাপরিচালক, বিবিএস। |
| ৬ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:**<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর নবনির্মিত ম্যুরাল, পরিসংখ্যান ভবনের সীমানা প্রাচীর এর গায়ে লাগানো সরকারের উন্নয়ন সংক্রান্ত চিত্রগুলির নিরাপত্তাসহ পরিসংখ্যান ভবনের সার্বিক নিরাপত্তা অধিকতর জোরদারকরণের জন্য গত ২৮/১০/১৮ খ্রিস্টাব্দ তারিখে আনছার কমান্ডারকে পুনরায় পত্র প্রদান করা হয়েছে। পরিচালক, এফএ এন্ড এমআইএস এবং উপ-পরিচালক (সমন্বয়) উল্লিখিত বিষয়সমূহের নিরাপত্তা বিষয়ে মাঝে মাঝে সরেজমিনে পরিদর্শন করেন। এছাড়া পরিসংখ্যান ভবনের পিছনে অবস্থিত ১৫টি অকেজো লাইট মেরামতের ব্যবস্থা করা হয়েছে। | পরিসংখ্যান ভবনে অভ্যর্থনা কেন্দ্র ও প্রকাশনা বিক্রয় কেন্দ্র দ্রুত পুনর্নির্মাণ করতে হবে। পরিচ্ছন্ন কর্মীগণ অফিস শুরুর পূর্বে অফিস পরিচ্ছন্ন কার্যক্রম সমাপ্ত করবেন। পরিচালক, FA & MIS, BBS বিষয়টি নিশ্চিত করবেন। | পরিচালক (FA & MIS), BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং ২।মহাপরিচালক, BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক। অক্টোবর/২০১৮ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-<br>১। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-১৪তম।<br>২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো- ৩১তম।<br>এটুআই- a2i প্রোগ্রাম-এর প্রতিনিধি ড. রমিজ উদ্দিন জানান যে, এ বিষয়ে a2i প্রোগ্রাম এর Technical Support নেয়া যেতে পারে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে এ বিষয়ে আরো ভাল করতে হবে। প্রয়োজনে a2i প্রোগ্রাম এর Technical Support নিতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক (MIS), BBS এবং পরিচালক (Computer), BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস |
| ৮ | **অডিট আপত্তি সংক্রান্ত:**<br>প্রকল্পের ১০টি ও কর্মসূচির ৭টি অডিট আপত্তি বিষয়ে সংশ্লিষ্ট পরিচালকগণকে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য বিবিএস কর্তৃক গত ১৮/১০/২০১৮ খ্রি. তারিখে পত্র দেয়া হয়েছে। দ্বি-পক্ষীয় সভার সুপারিশ মোতাবেক ০২ (দুই)টি আপত্তি মহাপরিচালকের আর্থিক ক্ষমতাধীন প্রমার্জনের আদেশ জারি প্রক্রিয়াধীন মর্মে সভায় জানানো হয়। | বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকের পাশাপাশি উপ-প্রকল্প পরিচালক-এর সাথেও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপসচিব (অডিট ও সমন্বয়), SID<br>(২)পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস |
| ৯ | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:**<br>বিবেচ্য মাসে অভিযোগ পাওয়া যায়নি, তবে অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পন্ন করা হয়ে থাকে। | অভিযোগ পাওয়া মাত্র নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ১০ | **মামলা সংক্রান্ত:**<br>চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে পরিসংখ্যান কর্মকর্তা (সিপিও) সর্বদা তৎপর আছেন। | চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সিনিয়র সহকারী সচিব (আইন শাখা) SID | মহাপরিচালক BBS |
| ১১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>APA বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সুপারভাইজিং কর্মকর্তাগণ তৎপর রয়েছেন। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো BMC-এর সভা করে APA MS Software-এ APA সংক্রান্ত অগ্রগতি Upload করতে হবে। | উপসচিব (এসডিজি) SID ও পরিচালক (প্লানিংসেল) BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID এবং মহাপরিচালক BBS |
| ১২ | **শুদ্ধাচার কৌশল:**<br>শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে তৎপর রয়েছেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। এ বিভাগের নৈতিকতা কমিটি পুনর্গঠনপূর্বক নিয়মিত সভা করতে হবে। | যুগ্মসচিব (বাজট, অডিট ও সমন্বয়) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | **তথ্য অধিকার আইন (RTI) অনুযায়ী তথ্য প্রদান সংক্রান্ত:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পত্র প্রদান করা হয়েছে এবং টেলিফোনে তাগিদ প্রদান করা হয়েছে। | তথ্য অধিকার আইন অনুযায়ী চাহিত তথ্য প্রদান করতে হবে। | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) SID এবং মহাপরিচালক BBS |
| ১৪ | **যানবাহন সংক্রান্ত:**<br>বিবিএস এর প্রধান কার্যালয়ে রাজস্বখাতে পরিচালিত ৩২টি গাড়ি ট্যাক্স-টোকেন ও ফিটনেস হালনাগাদকরণের জন্য BRTA-কে পত্র দেয়া হলে, তৎপ্রেক্ষিতে BRTA কর্তৃক ৩১টি গাড়ির ট্যাক্স-টোকেন, ফিটনেস, আয়কর, ডিজিটাল রেজি:সার্টিফিকেট, রেজি: প্রতিলিপি ডিজিটাল নাম্বার প্লেট ইত্যাদি খাতের ব্যয় নির্বাহের জন্য সর্বমোট ২২,৮০,৭০৫/- টাকার হিসাব প্রদান করেন (কপি সংযুক্ত)। ইতোমধ্যে ২টি গাড়ির কাগজপত্র হালনাগাদ করা হয়েছে। উক্ত ব্যয় অর্থনৈতিক কোড ৩২৫৮১০১-মোটরযান মেরামত ও সংরক্ষণ খাত হতে সম্পন্ন করা হয়েছে। বাকী ২৯টি গাড়ির মধ্যে আরও ৫টি গাড়ির কাগজপত্র হালনাগাদকরণের জন্য মোট ৩৬,৯০৮/-টাকার প্রয়োজন হবে। উক্ত অর্থের সংস্থান চলতি অর্থবছরে একই খাত থেকে মিটানো হবে। অবশিষ্ট ২৪টি গাড়ির কাগজপত্র হালনাগাদের জন্য ২২,৪৩,৭৯৭/- টাকার প্রয়োজন হবে। উক্ত অর্থ সংকুলানের জন্য বরাদ্দ প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | যে সকল গাড়ী স্বল্প খরচে মেরামত করা যায় সেগুলিকে অগ্রাধিকার দিতে হবে। Revised Budget-এর মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ২২,৪৩,৭৯৭ টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস ও পরিচালক (FA & MIS), BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক, BBS |
| ১৫ | **পরিচালক/. যুগ্মপরিচালক/ উপ-পরিচালক ও অন্যান্য পদে পদোন্নতিঃ**<br>পরিচালক, যুগ্ম পরিচালক, উপপরিচালক, পরিসংখ্যান কর্মকর্তা, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান অব্যাহত রয়েছে। | বিভাগীয় পদোন্নতি কমিটি (DPC) নিয়মিত সভা করবে এবং পদোন্নতির পর কর্মকর্তাদের দ্রুত পদায়ন করতে হবে। | উপ-সচিব (প্রশাসন-১) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |
| ১৬ | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:**<br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দীর্ঘ দিন কোন পত্র পেন্ডিং না থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br>২৪/১০/২০১৮ তারিখে বিজ্ঞ সলিসিটর হতে রিট পিটিশন ১৪৮৫৭/১৭ নং মামলার আদেশের Certified কপিসহ অন্যান্য কাগজপত্র জমা দেয়ার জন্য বলা হয়েছে। কাগজপত্র সংগ্রহসহ পত্র প্রেরণের কাজ চলমান রয়েছে। | প্রয়োজনীয় কাগজপত্র দ্রুত বিজ্ঞ সিলিসিটর বরাবর প্রেরণ করতে হবে। এছাড়া, বিধিবিধান অনুসরণপূর্বক ১৩৪ জন ৩য় শ্রেণীর কর্মচারী নিয়োগ করতে হবে। | ১।যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID<br>২। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস |
| ২ | **আউটসোর্সিং এর মাধ্যমে ড্রাইভার , অফিস সহায়ক, চেইনম্যান, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য পদে নিয়োগঃ**<br>কমিটি পুনর্গঠনের কাজ প্রক্রিয়াধীন মর্মে সভায় জানানো হয়। | কমিটি পুনর্গঠন করে বিধি মোতাবেক দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-মহাপরিচালক BBS | মহাপরিচালক BBS |
| ৩ | **বিবিধঃ**<br>(ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং এবং প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |
| | (খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল নির্মাণ কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। গত ২৯/১০/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী আনুষ্ঠানিকভাবে ম্যুরাল উন্মোচন করেছেন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল যথাযথভাবে নির্মাণ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | – | – |
| | গ) বর্তমান সরকারের বিগত ১০ বছরের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি ও সাফল্য যথাযথভাবে প্রচারের জন্য গঠিত কমিটি কর্তৃক Video Clip তৈরির কাজ চলমান রয়েছে। | বর্ণিত Video Clip দ্রুত তৈরী করতে হবে। | গ) যুগ্মসচিব (বাজেট অডিট ও সমন্বয়) SID | গ) অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

2/

| | | | | |
|---|---|---|---|---|
| | ঘ) Video Conferencing System সচল রয়েছে এবং গত ২৫/১০/২০১৮ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ-এর সাথে এ বিভাগের Video Conference অনুষ্ঠিত হয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর Video Conferencing System সচল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। Video Conferencing System সর্বদা সচল রাখতে হবে। | সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, SID | ঘ) অতিরিক্ত সচিব (প্রশাসন) SID এবং মহাপরিচালক বিবিএস |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে এ বিভাগের কর্মকর্তাদের আরো আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে নিম্নরূপ নির্দেশনা/ পরামর্শ প্রদান করেনঃ

ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তা/কর্মচারীদের সঠিক সময়ে অফিসে আগমন ও প্রস্থানসহ অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের নির্দেশনা দেন।

খ) প্রটোকল অফিসার হিসেবে জনাব মোঃ মাহমুদ হোসেন-এর পাশাপাশি জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-১), SID-কে ও প্রট্রোকল অফিসার-১ এর দায়িত্ব প্রদান নির্দেশনা দেন।

গ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণ অফিসিয়াল ট্যুরে বিদেশ গমন করে দেশে ফেরার পর দ্রুত রিপোর্ট জমা দেয়ার জন্য পরামর্শ দেন।

ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর Project Advisory Committee (PAC)-এর গত ১৮/১১/২০১৮ তারিখের সভায় এ বিভাগের কর্মকর্তা মনোনয়নের পত্র সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর দেরীতে পৌছানোর বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়াসহ দ্রুত নথি নিষ্পত্তির জন্য পরামর্শ দেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।